

স্মারক নং-০৫.৫৫.৮৫২৭.০০০.০৭.০১১.২৫. ১৮ (২৫০)

তারিখঃ ১৬ জানুয়ারি ২০২৫


**"বালু নিলাম বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৩নং বড়বিল ইউনিয়নের পাকুড়িয়া শরীফ মৌজায় সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, গংগাচড়া, রংপুর কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনাকালীন সময় অবৈধভাবে উত্তোলিত ভিটি বালু জব্দ করা হয়। উক্ত জব্দকৃত ভিটি বালু আগামী ২০/০১/২০২৫ তারিখ প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। নিলাম ডাকে ইচ্ছুক ব্যক্তি/ প্রতিষ্ঠানকে যথাসময়ে নিম্নে বর্ণিত নির্ধারিত স্থানে উপস্থিত থেকে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। নিলামের স্থান ও সময় নিম্নরূপঃ

ক্রঃ নং	জব্দকৃত বালুর অবস্থান ও নিলামের স্থান	জামানত (ফেরতযোগ্য)	তারিখ	সময়	বালুর পরিমাণ
০১	বড়বিল ইউনিয়নের পাকুড়িয়া শরীফ মৌজায় দেওয়ানীপাড়া নামক স্থানে	=৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা	২০/০১/২০২৫	বেলা: ১২.০০ টা	১৫০৬ ঘনমিটার

**শর্তাবলী:-**

- ০১। নিলাম ডাকে অংশগ্রহণকারীগণকে নির্ধারিত স্থানে যথাসময়ে বর্ণিত জামানত বাবদ অর্থ (ফেরতযোগ্য) জমা দিয়ে তালিকাভুক্ত হতে হবে।
- ০২। সর্বোচ্চ নিলাম ডাককারীকে নিলাম ডাকের টাকা, ১৫% ভ্যাট ও ১০% আয়করসহ সমুদয় অর্থ তাৎক্ষণিকভাবে জমা প্রদান করতে হবে।
- ০৩। ভ্যাট ও আয়করসহ নিলাম ডাকের সমুদয় টাকা জমা প্রদান করে নিলামকৃত বালু কার্যাদেশে বর্ণিত সময়সীমার মধ্যে অপসারণ করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে অপসারণ করতে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিলসহ পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৪। নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে জব্দকৃত বালুর বাস্তব অবস্থা সরেজমিন পরিদর্শন করতে হবে। নিলাম ডাকের পর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ০৫। সর্বোচ্চ নিলাম ডাককারী কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির পর বালু অপসারণের সময় জনসাধারণের কোন ক্ষতি করলে কিংবা নিলামের শর্ত ভঙ্গ করলে তা ঐ জামানত হতে পরিশোধ করা হবে এবং বালু অপসারণের পর সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট হতে প্রতিবেদন পাওয়ার পর জামানতের অর্থ ফেরৎ প্রদান করা হবে।

  
২০/০১/২০২৫

(মাহমুদ হাসান মূধা)

উপজেলা নির্বাহী অফিসার

গংগাচড়া, রংপুর


e-mail:unogangachara@mopa.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫২৭.০০০.০৭.০১১.২৫. ১৮ (২৫০)

তারিখঃ ১৬ জানুয়ারি ২০২৫

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ০১। সহকারী কমিশনার (ভূমি), গংগাচড়া, রংপুর
- ০২। প্রশাসক, বড়বিল ইউনিয়ন পরিষদ, গংগাচড়া, রংপুর। তাকে নিলাম বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, বড়বিল ইউনিয়ন ভূমি অফিস, গংগাচড়া, রংপুর। তাকে নিলাম বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচার এবং নিলাম স্থানে উপস্থিত থেকে নিম্নস্বাক্ষরকারীকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ০৪। জনাব .....
- ০৫। অফিস কপি।

  
২০/০১/২০২৫

(মাহমুদ হাসান মূধা)

উপজেলা নির্বাহী অফিসার